# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আযান শুনার সময় আল্লাহর মনোনিত নাবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্য জান্নাতে ওয়াসীলা চাইবে, তার জন্য কিয়ামতের দিন সুপারিশ অবধারিত হয়ে যাবে

## ذِكْرُ إِيجَابِ الشَّفَاعَةِ فِي الْقِيَامَةِ لِمَنْ سَأَلَ اللَّهَ جَلَّ وَعَلَا لِنَبِيِّهِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْوَسِيلَةَ فِي الْجِنَّانِ عِنْدَ الْأَذَانِ يسمعه

আরবী

1688 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي حَيْوَةُ بْنُ شُرَيْحٍ قَالَ: أَخْبَرَنِي كَعْبُ بْنُ عَلْقَمَةَ أَنَّهُ سَمِعَ عَبْدَ الرَّحْمَنِ بْنَ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ: عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِذَا سَمِعْتُمُ الْمُؤَذِّنَ فَقُولُوا مِثْلَ مَا يَقُولُ ثُمَّ صَلُّوا عَلَيَّ فَإِنَّهُ مَنْ صَلَّى عَلَيَّ صَلَاةً صَلَّى اللَّهُ عَلَيْهِ عَشْرًا ثُمَّ سَلُوا لِيَ الْوَسِيلَةَ فَإِنَّهَا مَرْتَبَةٌ فِي الْجَنَّةِ لَا تَنْبَغِي إِلَّا لِعَبْدٍ مِنْ عِبَادِ اللَّهِ وَأَرْجُو أَنْ أَكُونَ أَنَا هُوَ فَمَنْ سَأَلَ اللَّهَ لِيَ الْوَسِيلَةَ حَلَّت عَلَيْهِ الشَّفَاعَةُ)

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1688 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (536)، ((الإرواء)) (1/ 259).

বাংলা

১৬৮৮. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন, তিনি বলেছেন, “যখন তোমরা মুয়াযযিনের আযান শুনবে, তখন তোমরা মুয়াযযিন যা বলে, তোমরাও  তা-ই বলবে। তারপর তোমরা আমার উপর সালাত (দরুদ) পেশ করবে। কেননা যে ব্যক্তি আমার উপর সালাত পেশ করে, আল্লাহ তার উপর দশবার রহমত বর্ষন করবেন। তারপর তোমরা আমার জন্য ওয়াসীলা চাইবে। নিশ্চয়ই এটি জান্নাতে একটি মর্যাদাগত অবস্থান, যা আল্লাহর বান্দাদের মধ্যে একজন বান্দা ছাড়া আর কারো জন্য সমীচীন হবে না। আর আমি আশাবাদী যে, আমিই হবো সে বান্দা। কাজেই যে ব্যক্তি আমার জন্য

ওয়াসীলা চাইবে, তার জন্য আমার সুপারিশ নিশ্চিত অবধারিত হয়ে যাবে।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩৮৪; আবূ দাউদ: ৫২৩; সুনান বাইহাকী: ১/৪১০; আবূ আওয়ানা: ১/১১৬; নাসাঈ: ২/২৫-২৬; আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৪৫; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90903

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন